

## 🗏 ত্ব-হা | Ta-Ha | 山

আয়াতঃ ২০:১১৯

### আরবি মূল আয়াত:

# وَ أَنَّكَ لَا تَظْمَوُّا فِيهَا وَ لَا تَضحى ﴿١١٩﴾

### 🗚 অনুবাদসমূহ:

'আর সেখানে তুমি পিপাসার্তও হবে না এবং রৌদ্রদগ্ধও হবে না'। — আল-বায়ান সেখানে তুমি তৃষ্ণার্তও হবে না, রোদেও পুড়বে না। — তাইসিরুল এবং তুমি সেখানে পিপাসার্ত হবেনা এবং রৌদ্র ক্লিষ্টও হবেনা। — মুজিবুর রহমান

And indeed, you will not be thirsty therein or be hot from the sun." — Sahih International

### ১১৯. এবং সেখানে পিপাসার্ত হবেন না, আর রোদেও আক্রান্ত হবেন না।(১)

(১) জান্নাত থেকে বের হবার পর মানুষকে যে বিপদের মুখোমুখি হতে হবে তার বিবরণ এখানে দেয়া হয়েছে। এ সময় জান্নাতের বড় বড়, পূর্ণাংগ ও শ্রেষ্ঠ নিয়ামতগুলো উল্লেখ করার পরিবর্তে অন্ন, পানীয়, বস্ত্র ও বাসস্থান এ চারটি মৌলিক নিয়ামতের কথা বলা হয়েছে। বস্তুত: জীবনধারণের প্রয়োজনীয় এই চারটি মৌলিক বস্তু মানুষকে দুনিয়াতে সবচেয়ে বেশী কস্তু দেয়। [ফাতহুল কাদীর]

তাফসীরে জাকারিয়া

(১১৯) সেখানে পিপাসার্ত হবে না এবং রোদ্র-ক্লিষ্ট ও হবে না।

\_

তাফসীরে আহসানুল বায়ান

Source — https://www.hadithbd.com/quran/link/?id=2467

🚨 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন